

শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

সূত্র নং-৩৬.০০১.০০০.০৫.২৫-১.০২০৪.২০১৮/১০০৭২

তারিখঃ-২৫/১২/২০১৮ খ্রিঃ।

বিজ্ঞপ্তি


এতদ্বারা অত্র কারখানায় কর্মরত সকল শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিসিআইসি বোর্ডের ১৭৩৪ তম সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সংস্থায় শিখা প্রতিষ্ঠানসমূহ থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ০২(দুই) জন শিক্ষার্থীর প্রত্যেককে সম্মাননা সনদসহ নিম্নোক্ত হারে অর্থ পুরস্কার প্রদান করা হবে :-

পরীক্ষার স্তর	পুরস্কারের পরিমাণ
এসএসসি	টঃ ৭,০০০/- (সাত হাজার) টাকা
এইচএসসি	টঃ ১০,০০০/- (দশ হাজার) টাকা

বিসিআইসি বোর্ডের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র কারখানায় কর্মরত যে সকল শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তার পোষ্যপণ উক্ত স্কীমের আওতায় অর্থ পুরস্কারসহ সম্মাননা সনদ পাওয়ার যোগ্যতা অর্জন করবেন তারা নিম্নলিখিত শর্ত পূরণ হলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কারখানা প্রধান বরাবর আবেদন করতে হবে :

- এসএফসিএল এর নিয়ন্ত্রনাধীন কোন কলেজ নাই। অত্র কারখানায় কর্মরত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তার পোষ্যদের মধ্যে সংস্থার নিয়ন্ত্রনাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এইচএসসি পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ০২জনের মধ্যে থাকবে তারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র ও পরীক্ষা পাশের সনদ মার্কশীটসহ কারখানা কর্তৃপক্ষ বরাবরে আবেদন করলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে অত্র কারখানায় গঠিত মেধাবৃত্তি কমিটির সুপারিশক্রমে বর্ণিত অর্থ পুরস্কার ও সম্মাননা সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- শাহজালাল এনজিএফএফ স্কুল হতে যে সকল শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং সর্বোচ্চ নম্বর প্রাপ্ত তাদের মধ্যে থেকে ০২ জনকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র পরীক্ষা পাশের সনদ ও মার্কশীট প্রাপ্তি সাপেক্ষে মেধাবৃত্তি কমিটির সুপারিশক্রমে বর্ণিত অর্থ পুরস্কার ও সম্মাননা সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- এসএসসি পরীক্ষার ফলাফল প্রতিবৎসর সম্ভাব্য মে মাসে এবং এইচএসসি পরীক্ষার ফলাফল সম্ভাব্য জুলাই মাসে প্রকাশিত হয় বিধায় পুরস্কার প্রদান ও সম্মাননা সনদপত্র সংশ্লিষ্ট বৎসরের একই দিনে অর্থ পুরস্কার ও সম্মাননা সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এসএসসি পরীক্ষার ফলাফল মে মাসে এবং এইচএসসি পরীক্ষার ফলাফল জুলাই মাসে প্রকাশিত হয় সেহেতু বিসিআইসি মেধাবৃত্তি স্কীমের শর্ত মোতাবেক পরীক্ষার ফল প্রকাশের ০১ (এক) বৎসরের মধ্যে প্রাপ্যতার স্বপক্ষে কোন আবেদন না পাওয়া গেলে প্রাপ্যতা তামাদি হিসেবে গণ্য হবে।

উক্ত পুরস্কার ২০১৮ সাল থেকে প্রদেয় হবে এবং এ ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(মোঃ মিজানুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন)

ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

বিতরণঃ- সাধারণ।

অনুলিপিঃ-

১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

২। সকল বিভাগীয় প্রধান, এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

৩। নথি।